ঢাকা ওয়াসা

বিষয়ঃ কমন সার্ভিস বিভাগের অনুকূলে ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা ইমপ্রেস্ট ফান্ড মঞ্জুরকরন প্রসঙ্গে।

১। কমন সার্ভিস বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ বিভাগ। অত্র বিভাগসহ ৭টি দপ্তর অর্থাৎ চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) মহোদয়ের দপ্তর, উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) মহোদয়ের দপ্তর,উপ-ব্যবস্থাপনা পরিচালক (আরপিএন্ডডি) মহোদয়ের দপ্তর, উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থ) মহোদয়ের দপ্তর, সচিব মহোদয়ের দপ্তরসহ কমন সার্ভিস বিভাগের যাবতীয় অফিসের দৈনন্দিন আপ্যায়ন ও পণ্য সামগ্রী (যেমন-কফি, কফিমেট, চা, চিনি, দুধ, বিস্কুট, টিস্যু বক্স, টয়লেট টিস্যু, কলম, ব্যাটারী, সাবান, ওয়াসা ভবনের ৮ম তলায় মহিলাদের নামাজ ঘরের কাপড় ধোলাই ও বিভিন্ন ক্লিনিং মালামাল) ক্রয় করে সরবরাহ করা হয়। এছাড়াও বিভিন্ন সময়ে জরুরী ভিত্তিতে কমন সার্ভিস বিভাগ হতে অন্য বিভাগের অফিস নির্দেশ/অফিস আদেশের ফটোকপি করা হয়ে থাকে। তাছাড়া বিভিন্ন বিভাগ/দপ্তরের ফটোকপি মেশিন ও প্রিন্টার সার্ভিসিং করা হয়।

২। উল্লেখ্য, কমন সার্ভিস বিভাগের অনুকূলে গত ১৯/০৩/২০১৭ তারিখে ১৫,০০০/-(পনের হাজার) টাকার ইমপ্রেস্ট অনুমোদন দেয়া হয়। দীর্ঘ ৯(নয়) বছরেও ইমপ্রেস্টের (স্থায়ী দাদন) পরিমান বৃদ্ধি করা হয়নি। বর্তমান বাজারে দ্রব্যমূল্য বৃদ্ধিসহ প্রত্যেক দপ্তরে খরচের পরিমাণ পূর্বের তুলনায় বহুগুনে বৃদ্ধি পাওয়ায় পূর্বের বরাদ্দকৃত ১৫,০০০/-(পনের হাজার) টাকার ইমপ্রেস্ট দ্বারা উল্লেখকৃত গুরুত্বপূর্ণ দপ্তরসহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর ও অত্র দপ্তরের ব্যয় নির্বাহ করা কোনভাবেই সম্ভবপর হচ্ছে না বিধায় ইমপ্রেস্ট ফান্ডের পরিমাণ বৃদ্ধি করা প্রয়োজন।

৩। এমতাবস্থায়, বর্তমান দ্রব্যমূল্যের উর্ধ্বগতির প্রেক্ষাপটে উল্লিখিত গুরুত্বপূর্ণ দপ্তরগুলোর দৈনন্দিন ব্যয় নির্বাহের জন্য কমন সার্ভিস বিভাগের অনুকূলে বিদ্যমান ১৫,০০০/-(পনের হাজার) টাকার ইমপ্রেস্টের স্থলে ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকায় উন্নীত করা এবং একক ভাউচারে ২,০০০/- (দুই হাজার) টাকায় উন্নীত করার সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাব অনুমোদিত হলে এসংক্রান্ত অফিস আদেশ জারী করা হবে।

২৫/০৫/২৫

১৫/০৫/২০২৫
মোঃ ইউছুফ আলী
অফিস সুপারিনটেনডেন্ট (চঃ দাঃ)
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

১৫/০৫/২০২৫
A.S.(CS)
মোঃ মোরশেদুল ইসলাম
সহকারী সচিব
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

DS(CS)
মোঃ আলমগীর হোসেন
উপসচিব
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

২৫/০৫/২৫
সচিব
মোঃ [illegible] রহমান খান
সচিব
ঢাকা ওয়াসা

২৭/৫/২৫
DMD (HR & Admin)
(প্রতিকল্প কর্মকর্তা)
ড. মুহঃ মনিরুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক (আরপিএন্ডডি)
ও
(প্রতিকল্প কর্মকর্তা)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

DS-A1

ব্যবস্থাপনা পরিচালক
মহোদয়
২৭/৫/২৫

মোঃ ফজলুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
ওয়াসা ভবন
৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।
Website: www.dwasa.org.bd.com

স্মারক নং-৪৬.১১৩.২০৩.০০.০০.১৫৫.২০১৫/ ১১৮৩ তারিখ ঃ ১৮/০৫/২৫

অফিস আদেশ

পুনরাদেশ না দেয়া পর্যন্ত উপ-সচিব, কমন সার্ভিস বিভাগ এর অনুকূলে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে নিম্নোক্তভাবে স্থায়ী দাদন (Imprest) বরাদ্দ দেয়া হ'ল।

ক্রঃ নং	কর্মকর্তার পদবী	স্থায়ী দাদনের পরিমাণ	একক ভাউচারে অর্থ অনুমোদনের পরিমাণ
০১।	উপ-সচিব, কমন সার্ভিস বিভাগ	২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা	২,০০০/- (দুই হাজার) টাকা

০২। কর্তৃপক্ষের কাজের স্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে,

১৮/৫/২৫

মোঃ আলমগীর হোসেন
উপ-সচিব
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।
ফোন ঃ ০২-৫৫০১২৪০৮
E-mail: alamgirdswasa@gmail.com

স্মারক নং-৪৬.১১৩.২০৩.০০.০০.১৫৫.২০১৫/ ১১৮৩ তারিখ ঃ ১৮/০৫/২৫

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন/ওএন্ডএম/আরপিএন্ডডি/অর্থ), ঢাকা ওয়াসা।
২। প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা।
৩। বাণিজ্যিক ব্যবস্থাপক, ঢাকা ওয়াসা।
৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা।
৫। সচিব, ঢাকা ওয়াসা।
৬। উপ-মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক পিএলসি, কাওরান বাজার কর্পোরেট শাখা, ঢাকা।
৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
৮। উপ-প্রধান নিরীক্ষা কর্মকর্তা, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, ঢাকা ওয়াসা।
৯। পিএ টু ব্যবস্থাপনা পরিচালক (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), ঢাকা ওয়াসা।
১০। অফিস কপি।

১৮/৫/২৫

উপ-সচিব
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।